

নম্বর: ০৫.৩০.৬৮০০.১১১.৩৮.০০১.২৩-৯৩৪

তারিখ: ১৩ পৌষ ১৪৩০  
২৮ ডিসেম্বর ২০২৩

**যানবাহন চলাচলে নিষেধাজ্ঞা সংক্রান্ত গণবিজ্ঞপ্তি**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন উপলক্ষ্যে নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা'র ২৪ ডিসেম্বর ২০২৩ তারিখের ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৮.২৩-৮৩০ ও ৮৩১ নম্বর স্মারকের নির্দেশনা অনুযায়ী ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০৬ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ ঘটিকা থেকে ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত নির্বাচনী এলাকায় নিম্নের যানবাহন ও নৌ-যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

১। ট্যাক্সি ক্যাব ২। পিক আপ ৩। মাইক্রোবাস ৪। ট্রাক

লঞ্চ, ইঞ্জিন বোট (নির্ধারিত রুটে চলাচলকারী ব্যতীত) ইত্যাদি

০২। সে সাথে ০৫ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০৮ জানুয়ারি ২০২৪ তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

০৩। উপরোল্লিখিত নিষেধাজ্ঞা নিম্নবর্ণিত ক্ষেত্রে শিথিল করা হলো:-

(ক) আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, সশস্ত্র বাহিনী, প্রশাসন ও অনুমতিপ্রাপ্ত পর্যবেক্ষক;

(খ) জরুরি সেবা কাজে নিয়োজিত যানবাহন এবং ঔষধ, স্বাস্থ্য-চিকিৎসা ও অনুরূপ কাজে ব্যবহৃত দ্রব্যাদি ও সংবাদপত্র বহনকারী সকল ধরনের যানবাহন;

(গ) আত্মীয়-স্বজনের জন্য বিমানবন্দরে যাওয়া, বিমানবন্দর হতে যাত্রী বা আত্মীয়-স্বজনসহ নিজ বাসস্থানে অথবা আত্মীয়-স্বজনের বাসায় ফিরে যাওয়ার জন্য ব্যবহৃত যানবাহন (টিকেট বা অনুরূপ প্রমাণ প্রদর্শন) এবং দূরপাল্লার যাত্রী বহনকারী অথবা দূরপাল্লার যাত্রী হিসেবে স্থানীয় পর্যায়ে যাতায়াতের জন্য যে কোন যানবাহন;

(ঘ) প্রতিদ্বন্দ্বী প্রার্থীর জন্য ০১ টি, প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনী এজেন্ট (যথাযথ নিয়োগপত্র/পরিচয়পত্র থাকা সাপেক্ষে) এর জন্য ০১ টি গাড়ী (জীপ, কার, মাইক্রোবাস ইত্যাদি ছোট আকৃতির যানবাহন) রিটার্নিং অফিসারের অনুমোদন ও গাড়ীতে স্টীকার প্রদর্শন সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদান;

(ঙ) সাংবাদিক, পর্যবেক্ষক অথবা জরুরী কোন কাজে ব্যবহৃত মোটর সাইকেল রিটার্নিং অফিসারের অনুমোদন সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদান;


(চ) নির্বাচন কমিশনের অনুমোদন সাপেক্ষে নির্বাচনী কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারি অথবা অন্য কোন ব্যক্তির জন্য মোটর সাইকেলের অনুমতি প্রদান;

(ছ) জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ছাড়াও আন্তঃজেলা বা মহানগর থেকে বাহির বা প্রবেশের জন্য গুরুত্বপূর্ণ সড়ক, মহাসড়ক ও প্রধান প্রধান রাস্তার সংযোগ সড়ক বা উক্তরূপ সকল রাস্তায় নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন;

(জ) কতিপয় জরুরি কাজ যেমন এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত নৌ-যান চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না;

(ঝ) ভোটটার ও জনসাধারণের চলাচলের একমাত্র মাধ্যম হিসেবে সকল নৌ-যান চলাচলের ক্ষেত্রে ও দূর পাল্লার নৌ-যান চলাচলের এ নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না;

০৪। এ নিষেধাজ্ঞা অমান্যকারীদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
ড. বদিউল আলম

জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসার  
নরসিংদী


ফোন : +৮৮০২২২৪৪৫২৫০০

ফ্যাক্স : +৮৮০২২৯৪-৬৪৪৩৩

ই-মেইল: dcnarsingdi@mopa.gov.bd

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
- ৩। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
- ৬। পুলিশ সুপার, নরসিংদী
- ৭। অধিনায়ক, ৬৩ বিজিবি, গাজীপুর ব্যাটালিয়ান
- ৮। অধিনায়ক, র‍্যাব-১১, নারায়ণগঞ্জ
- ৯। জেলা কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, নরসিংদী
- ১০। জেলা নির্বাচন অফিসার, নরসিংদী
- ১১। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার -----(সকল), নরসিংদী
- ১২। উপপরিচালক, এনএসআই/ডিজিএফআই, নরসিংদী
- ১৩। সহকারী কমিশনার (ভূমি) ও বিজ্ঞ এক্সিকিউটভ ম্যাজিস্ট্রেট -----(সকল), নরসিংদী
- ১৪। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
- ১৫। সহকারী পুলিশ সুপার, নৌ-পুলিশ, নারায়ণগঞ্জ
- ১৬। জেলা তথ্য অফিসার, নরসিংদী [বিজ্ঞপ্তিটি নির্বাচনী এলাকায় মাইকযোগে ব্যাপক প্রচারের জন্য অনুরোধসহ]।
- ১৭। জনাব-----ভিজিল্যান্স ও অবজারভেশন টিম/নির্বাচন মনিটরিং সেল/আইন-শৃঙ্খলা রক্ষাকারী সেল, নরসিংদী
- ১৮। সহকারী পরিচালক, বিআরটিএ, নরসিংদী
- ১৯। উপজেলা নির্বাচন অফিসার, নরসিংদী সদর ও সহকারী রিটার্নিং অফিসার, ২০০ নরসিংদী-২
- ২০। জনাব-----
- ২১। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, নরসিংদী

  
জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসার  
নরসিংদী